বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
প্রশাসন-১ শাখা
www.caab.gov.bd

বিষয়ঃ মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে বছরব্যাপী কর্মসূচি প্রণয়ন।

সভাপতি : এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
সভার স্থান : সদর দপ্তর সম্মেলন কক্ষ
সভার তারিখ : ২২/০২/২০২১
সভার সময় : সকাল ১০.৩০ ঘটিকায়

যোগাযোগ বিভাগ
ডাইরী নম্বরঃ ১৬০০
তারিখঃ ২৪/২/২১

সভায় উপস্থিত কর্মকর্তাগণে তালিকাঃ পরিশিষ্ট 'ক'

সভার প্রারম্ভে উপস্থিত সকল কর্মকর্তাকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি জানান আগামী ২৬ মার্চ ২০২১ হতে ১৬ ডিসেম্বর, ২০২১ পর্যন্ত বছরব্যাপী মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন করা হবে। উক্ত উদযাপন উপলক্ষে কর্তৃপক্ষের কর্মসূচি প্রণয়নের জন্য আজকের এ সভা আহবান করা হয়েছে। পরবর্তীতে সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে পরিচালক (প্রশাসন) সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়গুলো পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে কর্তৃপক্ষের সম্ভাব্য নিম্নবর্ণিত কর্মসূচি নির্ধারণ করা হয়ঃ

| ক্রঃ নং | কর্মসূচির বিবরণ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের বিভিন্ন উন্নয়নমূলক কাজের ছবি ও ডকুমেন্টারী তৈরী ও প্রদর্শন | সভায় জানানো হয়, বর্তমানে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ৩য় টার্মিনাল নির্মাণ প্রকল্প, কক্সবাজার বিমানবন্দর, সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরসহ কর্তৃপক্ষে বিভিন্ন গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প চলমান রয়েছে। এই চলমান প্রকল্পসমূহের স্থির চিত্র ও ডকুমেন্টারী তৈরী করে প্রত্যেক বিমানবন্দরে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। | প্রধান প্রকৌশলী |
| ২। | কর্তকর্তা/কর্মচারী ও অন্যান্য অতিথিবৃন্দের জন্য বিশেষ ক্যাপ/গেঞ্জি/কোটপিন/টাই তৈরী ও বিতরণ | মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারী ও অন্যান্য অথিতিবৃন্দের জন্য বিশেষ ক্যাপ/ গেঞ্জি/ কোটপিন/ টাই তৈরীর বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় সংখ্যক ক্যাপ/ গেঞ্জি/ কোটপিন/ টাই তৈরীর সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (প্রশাসন) |
| ৩। | প্রত্যেক এয়ারলাইন্স এর যাত্রীদের সুভ্যেনির বিতরণ | মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ২৬ মার্চ ২০২১ তারিখ হশাআবিসহ দেশের অন্যান্য আন্তর্জাতিক বিমানবন্দর সমূহের যাত্রীদের কে প্রত্যেক এয়ারলাইন্স কর্তৃক সুভ্যেনির বিতরণ করতে হবে। | পরিচালক (এফএসআর) |
| ৪। | সিএটিসিতে বিভিন্ন কোর্সে এবং ফরমাল/ অভ্যন্তরীণ প্রশিক্ষণ কোর্সে মুক্তিযুদ্ধের ইতিহাস নিয়ে বিশেষ ক্লাসের আয়োজন | সভায় জানানো হয়,সিএটিসিতে বছরব্যাপী বিভিন্ন ধরণের ফরমাল টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল প্রশিক্ষণ কোর্স এবং প্রশাসন বিভাগের তত্ত্বাবধানে অভ্যন্তরীণ প্রশিক্ষণ পরিচালিত হয়। মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস কর্মকর্তা/কর্মচারীদেরকে জানানোর জন্য বিশেষ ক্লাস অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (প্রশাসন)/ পরিচালক (সিএটিসি) |
| ৫। | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী লোগো সম্বলিত ফেস মাস্ক তৈরী ও বিতরণ | বর্তমানে করোনা পরিস্থিতিতে করোনা সংক্রমণ প্রতিরোধে ফেস মাস্ক ব্যবহারের ক্ষেত্রে সরকারি বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় | পরিচালক (প্রশাসন) |

| ক্রঃ নং | কর্মসূচির বিবরণ | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | এবং মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ফেস মাস্ক তৈরী করে কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদের মাঝে বিতরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৬। | আলোচনা সভা, বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন | মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ২৬ মার্চ ২০২১ ও ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে এবং ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে আলোচনা সভার দিনে কর্তৃপক্ষের সাবেক ও বর্তমানে কর্মরত বীর মুক্তিযোদ্ধা কর্মকর্তা/কর্মচারীদের কে সম্মাননা, ক্রেস্ট ও অনুদান হিসাবে প্রাইজবন্ড প্রদান করা হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৭। | দিনব্যাপী রক্তদান কর্মসুচী/ব্লাড গ্রুপিং/মেডিকেল চেকআপ ইত্যাদি আয়োজন | কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীদেরকে ত্যাগের মহিমায় উদ্বুদ্ধ করার জন্য মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে দিনব্যাপী রক্তদান কর্মসূচি/ ব্লাড গ্রুপিং/ মেডিকেল চেকআপ ইত্যাদি আয়োজনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (প্রশাসন) |
| ৮। | ফেষ্টুন/ব্যানার তৈরী ও নির্ধারিত স্থানে টানানো | মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে বিভিন্ন স্লোগান সম্বলিত ফেষ্টুন/ব্যানার তৈরী করে নির্ধারিত স্থানে টানানোর সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (প্রশাসন) |
| ৯। | বিশেষ আলোক সজ্জাকরণ | মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ২৬শে মার্চ ও ১৬ই ডিসেম্বর২০২১ তারিখে সদর দপ্তরসহ সকল বিমানবন্দর আলোক সজ্জাকরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান প্রকৌশলী |
| ১০। | সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে বেবিচকের টেলিফোন গাইড প্রস্তুত | কর্তৃপক্ষের সকল কর্মকর্তা/ কর্মচারীর ব্যবহৃত টেলিফোন নম্বর, পিএবিএক্স নম্বর, মোবাইল নম্বর ও ই-মেইল এড্রেস সম্বলিত টেলিফোন গাইড প্রস্তুতকরণের বিষয়ে সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে একটি কমিটি গঠন করতে হবে। | পরিচালক (প্রশাসন/ পরিচালক(সিএনএস) |
| ১১। | হশাআবি এর সম্মুখে সুউচ্চ পরিসরের জাতীয় পতাকা উত্তোলন | মুজিব বর্ষের কর্ম পরিকল্পনার ভিত্তিতে স্বাধনতার সুবর্ণজয়ন্তীতে হশাআবি এর সম্মুখে ২৬শে মার্চ/২০২১ তারিখে সুউচ্চ পরিসরে যথাযথ মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান প্রকৌশলী/পরিচালক (হশাআবি) |
| ১২ | কর্তৃপক্ষের ওয়েবসাইটে সুবর্ণ জয়ন্তী কর্নার স্থাপন | সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে সরকারের ও কর্তৃপক্ষের বিভিন্ন কর্মসূচি প্রকাশের উদ্দেশ্যে ওয়েবসাইটে সুবর্ণ জয়ন্তী কর্নার স্থাপনের বিষয়ে আলোচনা হয় এবং উক্ত কর্নার স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সিএনএস) |

উপরিউক্ত কর্মসূচী অনুযায়ী সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য সভাপতি সকলকে অনুরোধ করেন। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
বিবিপি, বিএসপি,বিইউপি,এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ